

ভর্তি সংক্রান্ত তথ্য

- ০১। এ, এম, সি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসার মেয়াদকাল কমপক্ষে ৪/৬ মাস পর্যন্ত। বিভিন্ন গবেষনার ফলাফল ও অভিজ্ঞতার আলোকে দেখা যায় যে, স্বল্প মেয়াদী চিকিৎসায় রিল্যাপ্স বা পুনঃ আসক্তির সংখ্যা অনেক বেশি ঘটে থাকে। বিধায় বাংলাদেশের আর্থ সামাজিক প্রেক্ষাপটের কথা বিবেচনা করে উপরোক্ত চিকিৎসার মেয়াদ নির্ধারণ করা হয়েছে।
- ০২। যে কোন ধর্ম, বর্ণ বা গোত্রের সকল ধরনের মাদক নির্ভরশীল পুরুষ এই কেন্দ্রে ভর্তি হতে পারে। তবে ভর্তি ইচ্ছুক ব্যক্তি ও তার পরিবারের সদস্যদের সেন্টারের নিয়ম কানুন মেনে চলা ও মেয়াদকাল উত্তীর্ণ না হওয়া পর্যন্ত ব্যক্তিকে সেন্টারে রাখার সম্মতি থাকতে হবে।
- ০৩। ক্লাইন্ট/রোগীর সাথে এক (১) মাসের পূর্বে সাক্ষাত, ফোনে কথা বলা বা অনুরোধ করা যাবে না।
- ০৪। ক্লাইন্ট/রোগীর সাথে দেখা করার সময় ফোনে অন্য কারও সাথে কথা বলানো যাবে না।
- ০৫। ক্লাইন্ট/রোগীর সাথে দেখা করার সময় বাহ্যিক বিষয় নিয়ে কথা বলা বা আলোচনা করা যাবে না।
- ০৬। কাউন্সিলর বা মনোচিকিৎসক এবং পরিচালক এর নিকট ক্লাইন্ট/রোগীর কোন বিষয় গোপন করা যাবে না।
- ০৭। ক্লাইন্ট/রোগীর চিকিৎসা ব্যয়ভারের সম্পূর্ণ টাকার ৫০% অভিভাবকদের ভর্তির সময় পরিশোধ করতে হবে এবং ক্লাইন্ট/রোগীর সাথে কোন রকম টাকা পয়সার হিসাব নিয়ে কথা বলা যাবেনা এবং কোন ধরনের ব্যাংক চেক বা অন্য কোন কিছুতে স্বাক্ষর নেওয়া যাবে না।
- ০৮। শুক্রবার সকাল ০৯ঃ৩০ মিঃ হইতে দুপুর ০১ঃ০০ টা পর্যন্ত এবং বিকাল ০৩ঃ৩০ মিঃ হইতে বিকাল ৫ঃ০০ পর্যন্ত সাক্ষাতের সময়। এছাড়া অন্য কোন সময় ক্লাইন্ট/রোগীর সাথে দেখা করা যাবেনা।
- ০৯। ক্লাইন্ট/রোগীর জন্য প্রতিষ্ঠানের অনুমতি ছাড়া বাহিরের কোন খাবার আনা বা খাওয়ানোর জন্য অনুরোধ করা যাবে না।
- ১০। ক্লাইন্ট/রোগীর অভিভাবক বৃন্দদের অবশ্যই ক্লাইন্ট/রোগী সুচিকিৎসার স্বার্থে পারিবারিক কাউন্সিলিং ও পারিবারিক মিটিং এ অংশ গ্রহণ করতে হইবে।
- ১১। ক্লাইন্ট/রোগীকে কোন অবস্থাতেই পূর্ণ চিকিৎসার আগে বাসায় নেওয়া যাবেনা। যদি কোন কারণে বাসায় নিয়ে যেতে হয় তাহলে চিকিৎসার মেয়াদের সম্পূর্ণ টাকা পরিশোধ করিতে হইবে।
- ১২। ক্লাইন্ট/রোগীর অভিভাবক বৃন্দদের অবশ্যই প্রতিষ্ঠানের নিয়ম শৃঙ্খলার প্রতি শ্রদ্ধাশীল থাকতে হইবে।